# B.A. 6th Semester (Honours) Examination, 2024 (CBCS)

## বিষয় : বাংলা

## Course : CC-XIII

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৬০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমানের নির্দেশক।*
*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) 'মেঘদূত' কাব্যের ক-টি বিভাগ ও কী কী?

(খ) রামায়ণ কাহিনি-আশ্রিত ভাসের রচিত দুটি নাটকের নাম উল্লেখ করো।

(গ) কালিদাসের লেখা একটি দৃশ্যকাব্য ও একটি শ্রব্যকাব্যের নাম লেখো।

(ঘ) সংস্কৃত গদ্যকাব্যের দুজন কবির নাম লেখো।

(ঙ) 'মৃচ্ছকটিক' কোন শ্রেণির নাটক? 'মৃচ্ছকটিক' শব্দটির বাংলা অর্থ লেখো।

(চ) গদ্যকাব্যের ভাগগুলি উল্লেখ করো।

(ছ) কবি জয়দেব কোন রাজসভার পৃষ্ঠপোষকতা লাভ করেছিলেন? তাঁর রচিত কাব্যটির নাম লেখো।

(জ) মহাভারতের দু-জন টীকাকারের নাম লেখো।

(ঝ) 'Four Quartets'— কার লেখা? সংকলনটিতে ক-টি কবিতা আছে?

(ঞ) 'লিরিক্যাল ব্যালাডস' কাদের সম্পাদনায়, কবে প্রকাশিত হয়?

(ট) চার্লস ডিকেন্সের বাল্যজীবনের ছায়াপাত আছে, এমন দুটি উপন্যাসের নাম লেখো।

(ঠ) ডেসডিমোনা, মহাশ্বেতা— এই দুটি চরিত্র কোন কোন গ্রন্থে রয়েছে তা উল্লেখ করো।

(ড) শেক্‌সপিয়ারের লেখা দুটি নাটকের নাম লেখো।

(ঢ) কবি জন কিট্‌সের মৃত্যুতে শোকাহত কবি পি. বি. শেলি কোন কাব্য রচনা করেন? কাব্যটির প্রথম প্রকাশসাল উল্লেখ করো।

(ণ) 'Lamia'— কার লেখা? এই কবিতার নায়কের নাম কী ছিল?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) মহাভারতের কোন অংশ শ্রীমদ্‌ভাগবদ্‌গীতা নামে চিহ্নিত? ব্যাসকূট সম্পর্কে সংক্ষিপ্ত টীকা লেখো।

(খ) রামায়ণের রচনাকাল নিরূপণ করো।

(গ) সংস্কৃত নাটকে শূদ্রকের অবদান সম্পর্কে লেখো।

(ঘ) নাট্যকাব্য রচনায় সংক্ষেপে টি. এস. এলিয়টের অবদান আলোচনা করো।

(ঙ) কমেডি রচনায় শেক্‌সপিয়ারের কৃতিত্ব আলোচনা করো।

(চ) টমাস হার্ডির আঞ্চলিক উপন্যাসগুলির বৈশিষ্ট্য আলোচনা করো।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ১০×২=২০

(ক) গদ্যকাব্য রচনায় বাণভট্টের কৃতিত্ব আলোচনা করো।

*অথবা,*

ভাসের নাট্যবৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।

(খ) সাহিত্যিক মহাকাব্য রচনায় জন মিলটনের দক্ষতা আলোচনা করো।

*অথবা,*

চার্লস ডিকেন্সের উপন্যাসের বৈশিষ্ট্য উল্লেখ করে উপন্যাস-সাহিত্যে তাঁর অবদান আলোচনা করো।

---

# B.A. 6th Semester (Honours) Examination, 2024 (CBCS)

## বিষয় : বাংলা

## Course : CC-XIV

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

১। *যে কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) রাজনৈতিক উপন্যাসের দুটি বৈশিষ্ট্য লেখো।

(খ) 'শোক কবিতা' কাকে বলে?

(গ) একাঙ্ক নাটকের দুটি বৈশিষ্ট্য লেখো।

(ঘ) ক্লাসিসিজমের দুই প্রধান তাত্ত্বিকের নাম লেখো।

(ঙ) রাজনৈতিক উপন্যাসের দুটি বৈশিষ্ট্য উল্লেখ করো।

(চ) ট্র্যাজেডি সম্পর্কিত আলোচনায় 'ক্যাথারসিস' বলতে কী বোঝায়?

(ছ) সিম্বলিজম কোন শতাব্দীর সাহিত্য আন্দোলন? 'প্রতীকবাদী ইশতেহার' কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

(জ) 'সুররিয়ালিজম'-এর দুটি বৈশিষ্ট্য লেখো।

(ঝ) কমেডি শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ বুঝিয়ে দাও।

(ঞ) দুটি বাংলা আখ্যানকাব্যের নাম লেখো।

(ট) ব্যক্তিগত প্রবন্ধ কাকে বলে? একটি উদাহরণ দাও।

(ঠ) ছোটোগল্পের ক্ষেত্রে 'একতম প্রতীতি' বলতে কী বোঝায়?

(ড) 'কমেডি' ও 'ফার্স'-এর মধ্যে দুটি পার্থক্য লেখো।

(ঢ) রোমান্টিসিজমের বৈশিষ্ট্য রয়েছে এমন দুজন বাঙালি কবির নাম লেখো।

(ণ) পেত্রার্কীয় রীতি অনুযায়ী সনেট-এর স্তবক বিন্যাসের দুটি অংশের নাম লেখো।

২। *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) রোমান্টিসিজমের বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে লেখো।

(খ) বস্তুনিষ্ঠ প্রবন্ধ কাকে বলে? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(গ) 'অথেনটিক এপিক' ও 'লিটেরারি এপিক' কাকে বলে উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(ঘ) বাংলা উপন্যাসের দৃষ্টান্ত-সহযোগে সামাজিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো।

(ঙ) ছোটোগল্প— এই সংরূপটির 'সূচনা' ও 'সমাপ্তি'র বৈশিষ্ট্য সংক্ষেপে লেখো।

(চ) উপযুক্ত উদাহরণ-সহযোগে পৌরাণিক নাটকের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

৩। নীচের প্রশ্নগুলির উত্তর দাও : ১০×২=২০

(ক) ক্লাসিসিজমের বৈশিষ্ট্য সম্পর্কে প্রয়োজনীয় উদাহরণসহ আলোচনা করো।

*অথবা,*

ট্র্যাজেডি-র সংজ্ঞা লেখো। সেই সূত্রে ট্র্যাজেডির বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

(খ) ঐতিহাসিক উপন্যাস বলতে কী বোঝো? উদাহরণ সহযোগে ঐতিহাসিক উপন্যাসের বৈশিষ্ট্য বুঝিয়ে দাও।

*অথবা,*

উদাহরণসহ বিভিন্নপ্রকার কবিতা-সংরূপ ও সেগুলির বৈশিষ্ট্য সম্পর্কে আলোচনা করো।

———

# B.A. 6th Semester (Honours) Examination, 2024 (CBCS)

## বিষয় : বাংলা

## Course : DSE-3

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) বিশ শতকে রচিত রবীন্দ্রনাথের দুটি ছোটোগল্পের নাম লেখো।

(খ) 'চার অধ্যায়' কী জাতীয় রচনা? রচনাটির প্রকাশসাল লেখো।

(গ) রচনাকারের নাম লেখো —
'বেদে', 'দেবযান', 'মৃগয়া', 'স্বর্গাদপি গরীয়সী'।

(ঘ) সূত্রাকারে মনস্তাত্ত্বিক উপন্যাসের দুটি বৈশিষ্ট্য লেখো।

(ঙ) চরিত্রগুলি কোন রচনার তা উল্লেখ করো —
হরিহর, বিশ্বেশ্বরী, গঙ্গাচরণ, শোভনলাল।

(চ) স্বাধীনতা-পূর্বকালে প্রকাশিত নরেন্দ্রনাথ মিত্রের দুটি উপন্যাসের নাম লেখো।

(ছ) স্বাধীনতার পূর্বকালে প্রকাশিত দুটি নদীকেন্দ্রিক উপন্যাসের নাম লেখো। উপন্যাসগুলির রচয়িতাদের নাম উল্লেখ করো।

(জ) 'সবুজ পত্র' পত্রিকায় প্রকাশিত রবীন্দ্রনাথের দুটি উপন্যাসের নাম লেখো।

(ঝ) সূত্রাকারে রাজনৈতিক উপন্যাসের দুটি বৈশিষ্ট্য লেখো।

(ঞ) ছোটোগল্পের সমাপ্তি কেমন হওয়া উচিত — এই সম্পর্কে সংক্ষিপ্ত মতামত দাও।

(ট) উল্লেখিত রচনাকারদের স্বাধীনতা-পূর্ববর্তী কালপর্বে প্রকাশিত একটি করে গল্পগ্রন্থ অথবা উপন্যাসের নাম লেখো —
বুদ্ধদেব বসু, প্রবোধকুমার সান্যাল, বিভূতিভূষণ মুখোপাধ্যায়, ধূর্জটিপ্রসাদ মুখোপাধ্যায়।

(ঠ) প্রকাশকালসহ বিশ শতকের স্বাধীনতা-পূর্ববর্তী কালপর্বে প্রকাশিত দুটি ভ্রমণকেন্দ্রিক উপন্যাসের নাম লেখো।

(ড) সূত্রাকারে উপন্যাস এবং ছোটোগল্পের দুটি আঙ্গিকগত পার্থক্য উল্লেখ করো।

(ঢ) স্বাধীনতা-পূর্ববর্তী কালে প্রকাশিত দুটি মনস্তাত্ত্বিক বাংলা উপন্যাসের নাম উল্লেখ করো।

(ণ) কল্লোল-যুগের দুজন ঔপন্যাসিকের লেখা একটি করে উপন্যাসের নাম লেখো।

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) বিশ শতকের স্বাধীনতা-পূর্ববর্তী কালপর্বে রচিত তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের উপন্যাসগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) রবীন্দ্রনাথের বিশ শতকে রচিত গল্পে প্রতিবাদী নারী চরিত্রের পরিচয় দাও।

(গ) বিশ শতকের স্বাধীনতা-পূর্ববর্তী কালপর্বে রচিত উপন্যাসের আঙ্গিকগত বৈশিষ্ট্যগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঘ) হাস্যরসের গল্প রচনায় ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের দক্ষতা আলোচনা করো।

(ঙ) 'জাগরী' উপন্যাসটির বিষয়বস্তু আলোচনা-সূত্রে বুঝিয়ে দাও এটি কোন ধারার উপন্যাস?

(চ) আঞ্চলিক উপন্যাস কাকে বলে? উদাহরণসহ আঞ্চলিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) বিশ শতকের স্বাধীনতা-পূর্ববর্তী কালপর্বে বাংলা ছোটোগল্পের ক্রমবিকাশ ও বিবর্তন সম্পর্কে আলোচনা করো।

(খ) বিশ শতকের স্বাধীনতা-পূর্ববর্তী কালপর্বে রচিত উপন্যাস অবলম্বনে ঔপন্যাসিক মানিক বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্বের পরিচয় দাও।

(গ) বাংলা ছোটোগল্পকার প্রভাতকুমার মুখোপাধ্যায়ের অবদান তুলে ধরো।

(ঘ) বিশ শতকের স্বাধীনতা-পূর্ববর্তী কালপর্বে রচিত উপন্যাস অবলম্বনে ঔপন্যাসিক বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের মূল্যায়ন করো।

# B.A. 6th Semester (Honours) Examination, 2024 (CBCS)

## বিষয় : বাংলা

## Course : DSE-4

সময় : ৩ ঘণ্টা　　　　পূর্ণমান : ৬০

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের সংক্ষিপ্ত ও যথাযথ উত্তর দাও : ২×১০=২০

(ক) লোকসংস্কৃতির 'লোক' কথাটির অর্থ লেখো।

(খ) বাক্‌কেন্দ্রিক লোকসংস্কৃতি বলতে কী বোঝো?

(গ) ছেলেভোলানো ছড়া কোনজাতীয় লোকসাহিত্য?

(ঘ) বাংলার দুটি লোকনৃত্যের উদাহরণ দাও।

(ঙ) লেটোগান কোন জাতীয় লোকসংস্কৃতি?

(চ) বাংলার দুটি লোক-উৎসবের উদাহরণ দাও।

(ছ) বাংলার দুটি লোকযানের উদাহরণ দাও।

(জ) শ্রমসংগীত বলতে কী বোঝো?

(ঝ) দুটি মেয়েলি ব্রতের উদাহরণ দাও।

(ঞ) বাংলা লোকযাত্রার উৎপত্তি কোন শতাব্দীতে হয়েছিল? এটি কী জাতীয় লোকসংস্কৃতি?

(ট) ঝুমুরগান কোন অঞ্চলের লোকসংগীত?

(ঠ) বোলান কী? কোন অঞ্চলে প্রচলিত?

(ড) আশুতোষ ভট্টাচার্যের লেখা লোকসাহিত্য বিষয়ক গ্রন্থটির নাম লেখো।

(ঢ) বাংলার দুটি চারুকলা বা লোকচিত্র ধারার নাম উল্লেখ করো।

(ণ) লোকনাট্য বলতে কী বোঝো? একটি বাংলা লোকনাট্যের নাম লেখো।

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) লোকসাহিত্যের একটি প্রধান ধারা হিসেবে বাংলা লোকগান সম্পর্কে সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) বাংলা মেয়েলি ব্রত সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো।

(গ) উদাহরণসহ বাংলা অঙ্গভঙ্গীকেন্দ্রিক লোকসংস্কৃতির পরিচয় দাও।

(ঘ) বাংলার লোকনাট্যের কয়েকটি ধারার সংক্ষিপ্ত পরিচয় দাও।

(ঙ) বস্তুকেন্দ্রিক লোকসংস্কৃতির ধারা হিসেবে লোকশিল্পকলার গুরুত্ব নিরূপণ করো।

(চ) লোকসংস্কৃতির মানসিক উপাদান বলতে কী বোঝো? উদাহরণসহ আলোচনা করো।

৩। *যে-কোনো দুটি* বিষয়ে প্রবন্ধ রচনা করো : ১০×২=২০

(ক) বৈষ্ণব পদাবলি কাব্যে ধর্মনিরপেক্ষ ও রোমান্টিক সাহিত্যগুণের সন্ধান

(খ) অষ্টাদশ শতাব্দীর বাংলাসাহিত্যে নতুন ও অভিনব সাহিত্যধারার পরিচয়

(গ) উনিশ শতকীয় বাংলা আখ্যান কাব্যধারার উদ্ভব ও বিলোপ

(ঘ) বাংলা আঞ্চলিক উপন্যাস

(ঙ) বাংলা শিশু-কিশোর সাহিত্যের ধারায় উপেন্দ্রকিশোর রায়চৌধুরী ও তাঁর পরিবারের অবদান

---

# B.A. 6th Semester (General) Examination, 2024 (CBCS)

15161

## বিষয় : বাংলা (সাধারণ)

## Course: DSE-1B/2B

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

**(উনিশ শতকের বাংলা নাটক)**

১। পূর্ণবাক্যে *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) হেরাসিম লেবেদফ কে ছিলেন?

(খ) 'কীর্তিবিলাস' এবং 'ভদ্রার্জুন'— নাটকদুটির রচয়িতা কারা?

(গ) কালীপ্রসন্ন সিংহের লেখা যে-কোনো দুটি নাটকের নাম লেখো।

(ঘ) রামনারায়ণ তর্করত্নের সবচেয়ে বিখ্যাত নাটকটির নাম প্রকাশকালসহ লেখো।

(ঙ) 'রিজিয়া' নাটকটি কার লেখা? এটি কোন্ ভাষায় রচিত?

(চ) 'শর্মিষ্ঠা' নাটক প্রকাশের মধ্যে দিয়ে বাংলা সাহিত্যে কোন বিখ্যাত নাট্যকারের আবির্ভাব ঘটল? নাটকটির প্রকাশসাল লেখো।

(ছ) প্রকাশসালসহ মধুসূদন দত্তের 'কৃষ্ণকুমারী' নাটকটির শ্রেণিবিভাগ নির্দেশ করো।

(জ) দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকের প্রকাশসাল লেখো। কে এই নাটকটির ইংরেজি অনুবাদ করেন?

(ঝ) দীনবন্ধু মিত্রের রচিত দুটি প্রহসনের নাম লেখো।

(ঞ) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের লেখা দুটি নাটকের নাম লেখো।

(ট) ন্যাশনাল থিয়েটার কত খ্রিস্টাব্দে প্রতিষ্ঠা হয়? এখানে প্রথম অভিনীত নাটকটির নাম লেখো।

(ঠ) ন্যাশনাল থিয়েটার-ব্যতীত সে-সময়কার কলকাতার যে-কোনো দুটি নাট্যশালার নাম লেখো।

(ড) অমৃতলাল বসুর লেখা দুটি প্রহসনের নাম লেখো।

(ঢ) 'আলিবাবা' কার রচিত নাটক? এর প্রকাশকাল লেখো।

(ণ) রাজা বিক্রমদেব এবং রাজা গোবিন্দমাণিক্য— উনিশ শতকে লেখা রবীন্দ্রনাথের কোন দুটি বিখ্যাত নাটকের এই দুই চরিত্র, উল্লেখ করো।

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) 'নীলদর্পণ' নাটকের রচয়িতা হিসেবে দীনবন্ধু মিত্রের কৃতিত্ব সংক্ষেপে বিচার করো।

(খ) পৌরাণিক নাট্যরচয়িতা হিসেবে মনোমোহন বসুর কৃতিত্ব লেখো।

(গ) ক্ষীরোদপ্রসাদ বিদ্যাবিনোদের নাট্যপ্রতিভার সংক্ষেপে মূল্যায়ন করো।

(ঘ) নাট্যকার কালীপ্রসন্ন সিংহের প্রতিভার পরিচয় দাও।

(ঙ) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের 'অলীকবাবু' নাটকটির সংক্ষেপে মূল্যায়ন করো।

(চ) প্রহসন-রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের দক্ষতার পরিচয় দাও।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) উনিশ শতকে বাংলা নাটকের উদ্ভব ও বিবর্তন বিষয়ে নাতিদীর্ঘ নিবন্ধ লেখো।

(খ) মধুসূদন দত্তের প্রহসন রচনার দক্ষতা বিচার করো।

(গ) সমাজসমস্যামূলক নাটক রচয়িতা হিসেবে রামনারায়ণ তর্করত্নের কৃতিত্ব সংক্ষেপে বিচার করো।

(ঘ) সামাজিক নাটক রচনায় গিরিশচন্দ্র ঘোষের কৃতিত্ব আলোচনা করো।

*অথবা,*

**(উনিশ শতকের বাংলা প্রবন্ধ)**

১। পূর্ণ বাক্যে *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) রামমোহন রায়ের লেখা বেদান্ত-আশ্রিত দুটি গ্রন্থের নাম লেখো।

(খ) 'সমাচার চন্দ্রিকা'র সম্পাদক কে ছিলেন? তাঁর একটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।

(গ) 'ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায়' কার লেখা? এর প্রথম খণ্ডের প্রকাশসাল লেখো।

(ঘ) 'সংস্কৃত ভাষা ও সংস্কৃত সাহিত্যশাস্ত্র বিষয়ক প্রস্তাব'— কার লেখা? তাঁর একটি অনুবাদমূলক রচনার নাম লেখো।

(ঙ) 'ব্রজবিলাস' কোন ছদ্মনামে কে রচনা করেছিলেন?

(চ) প্যারীচাঁদ মিত্র কার সহযোগিতায় কোন্ পত্রিকা প্রকাশ করেছিলেন?

(ছ) বঙ্কিমচন্দ্রের 'লোকরহস্য' ও 'বিজ্ঞানরহস্য'— প্রবন্ধগ্রন্থদুটির প্রকাশসাল লেখো।

(জ) দেবেন্দ্রনাথ ঠাকুরের আত্মজীবনীটির নাম কী? তিনি কোন পত্রিকার সঙ্গে যুক্ত ছিলেন?

(ঝ) প্রকাশসালসহ ভূদেব মুখোপাধ্যায়ের দুটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।

(ঞ) বঙ্কিমচন্দ্রের 'কমলাকান্তের দপ্তর' গ্রন্থটি কোন বিখ্যাত লেখকের কোন বইয়ের অনুসরণে রচিত?

(ট) যোগেন্দ্রনাথ বিদ্যাভূষণ কোন পত্রিকার সম্পাদক ছিলেন? তাঁর একটি প্রবন্ধপুস্তকের নাম লেখো।

(ঠ) 'সেকাল আর একাল' এবং 'পঞ্চভূত' — এই প্রবন্ধগ্রন্থদুটির রচয়িতাদের নাম লেখো।

(ড) 'ভারতমহিলা' কার লেখা, কত সালে প্রকাশিত?

(ঢ) কেশবচন্দ্র সেনের সম্পাদিত একটি বাংলা সাময়িক পত্রিকার নাম লেখো। তাঁর একটি প্রবন্ধগ্রন্থের নাম উল্লেখ করো।

(ণ) স্বর্ণকুমারী দেবীর বিজ্ঞানবিষয়ক প্রবন্ধগ্রন্থটির নাম প্রকাশসালসহ লেখো।

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের প্রাবন্ধিক প্রতিভার পরিচয় দাও।

(খ) রামমোহনের সমাজসংস্কারমূলক প্রবন্ধগুলির গুরুত্ব বিচার করো।

(গ) প্রাবন্ধিক শিবনাথ শাস্ত্রীর মূল্যায়ন করো।

(ঘ) প্রবন্ধ রচনায় অক্ষয়কুমার দত্তের কৃতিত্ব আলোচনা করো।

(ঙ) স্বামী বিবেকানন্দের প্রবন্ধগ্রন্থগুলির পরিচয় দিয়ে তাঁর প্রাবন্ধিক প্রতিভা বিচার করো।

(চ) রামমোহন রায়ের লেখা বাংলা প্রবন্ধগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) উনিশ শতকের দ্বিতীয়ার্ধে বাংলা প্রবন্ধসাহিত্যের বিকাশের সংক্ষিপ্ত পরিচয় দাও।

(খ) বাংলা প্রবন্ধ সাহিত্যে বিদ্যাসাগরের অবদান আলোচনা করো।

(গ) বঙ্কিমচন্দ্রের প্রবন্ধগ্রন্থগুলির শ্রেণিকরণ করে প্রবন্ধ রচনায় বঙ্কিমপ্রতিভার পরিচয় দাও।

(ঘ) উনিশ শতকে বাংলা প্রবন্ধসাহিত্যের বিকাশে সাময়িক পত্রিকাগুলির ভূমিকা আলোচনা করো।

---

# B.A. 6th Semester (General) Examination, 2024 (CBCS)

## বিষয় : বাংলা (সাধারণ)

## Course: SEC-4

**সময় : ২ ঘণ্টা** **পূর্ণমান : ৪০**

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর লিখতে হবে।*

১। *যে-কোনো পাঁচটি* প্রশ্নের উত্তর দাও : ২×৫=১০

(ক) ব্যক্তিগত পত্র কাকে বলে? একটি উদাহরণ দাও।

(খ) একটি উদাহরণ দিয়ে সামাজিক পত্র কাকে বলে বুঝিয়ে দাও।

(গ) হলুদ সাংবাদিকতা কাকে বলে?

(ঘ) প্রতিবেদন কাকে বলে?

(ঙ) প্রতিবেদনের ভাষা কেমন হওয়া উচিত?

(চ) অনুচ্ছেদ কাকে বলে?

(ছ) আক্ষরিক অনুবাদ বলতে কী বোঝো?

(জ) একজন অনুবাদকের কী কী গুণ থাকা প্রয়োজন?

২। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

(ক) তোমার এলাকায় সমাজবিরোধী কার্যকলাপ খুব বেড়ে গেছে। এর প্রতিকারের আবেদন জানিয়ে স্থানীয় থানার ভারপ্রাপ্ত আধিকারিককে একটি পত্র লেখো।

(খ) রক্তদানের প্রয়োজনীয়তার কথা জানিয়ে উপযুক্ত শিরোনামসহ সংবাদপত্রে প্রকাশের জন্য একটি প্রতিবেদন রচনা করো।

(গ) তোমার মহাবিদ্যালয়ের ক্যান্টিনে খাবারের মান ক্রমশ নিম্নমুখী হচ্ছে। এর প্রতিকারের আবেদন জানিয়ে অধ্যক্ষ মহাশয়কে একটি পত্র লেখো।

(ঘ) অনুচ্ছেদ রচনা করো : খেলাধুলার প্রয়োজনীয়তা

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) তোমার মহাবিদ্যালয়ে বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান কেমন হল তা জানিয়ে তোমার বন্ধুকে একটি পত্র লেখো।

(খ) উপযুক্ত শিরোনামসহ নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি ও তার প্রতিকার সম্পর্কে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

(গ) অনুচ্ছেদ রচনা করো : জাতীয় সংহতি

(ঘ) বাংলায় অনুবাদ করো :

Man is a social animal. He cannot live alone and no person can be happy without sincere friends. But selfish persons cannot get friends. You cannot receive love unless you give it. Love is to be obtained only by giving love in return. If your neighbours and companions do not love you it is your fault. They cannot but love you if you be kind and friendly.